



## পদ্মাসেতুতে চলবে না সাইকেল

মঙ্গলবার, ৩১ মে, ২০২২



পদ্মাসেতুতে হেঁটে পার হওয়ার কোনো সুযোগ নেই। এছাড়া কেউ সাইকেলে চড়েও সেতু পার হতে পারবে না বলে জানান পদ্মা বহুমুখী সেতু প্রকল্পের তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সেতু ও সড়ক) শাহ মো. মুসা।

গতকাল সোমবার সংবাদমাধ্যমে শাহ মো. মুসা এসব তথ্য জানিয়েছেন। শাহ মো. মুসা বলেন, সেতুর ওপর দিয়ে কোন কোন যানবাহন পার হতে পারবে ও টোল কত, সব কিছু প্রজ্ঞাপন জারি করা হয়েছে। এর মধ্যে সাইকেল নেই।

আরো বলেন, সেতুর ওপর দিয়ে গতির যানবাহন চলবে। সেখানে হেঁটে বা স্লো মুভিং কিছু থাকলে দুর্ঘটনা ঘটতে পারে।

প্রজ্ঞাপন অনুযায়ী, মোটরসাইকেলে ১০০ টাকা, কার বা জিপে ৭৫০ টাকা, পিকআপ ভ্যানে এক হাজার ২০০ টাকা, মাইক্রোবাসে এক হাজার ৩০০ টাকা, ছোট বাসে (৩১ আসন বা এর কম) এক হাজার ৪০০ টাকা, মাঝারি বাসে (৩২ আসন বা এর বেশি) দুই হাজার টাকা, বড় বাসে (৩ এক্সেল) দুই হাজার ৪০০ টাকা টোল নির্ধারণ করা হয়েছে।

এছাড়া ছোট ট্রাকে (পাঁচ টন পর্যন্ত) এক হাজার ৬০০ টাকা, মাঝারি ট্রাকে (পাঁচ টনের বেশি থেকে আট টন) দুই হাজার ১০০ টাকা, মাঝারি ট্রাক (আট টনের বেশি থেকে ১১ টন পর্যন্ত) দুই হাজার ৮০০ টাকা, ট্রাক (ত্ৰি এক্সেল পর্যন্ত) পাঁচ হাজার ৫০০ টাকা, ট্রেইলার (ফোর এক্সেল পর্যন্ত) ছয় হাজার টাকা ও টেইলার (ফোর এক্সেলের বেশি) ছয় হাজারের সঙ্গে প্রতি এক্সেলে এক হাজার ৫০০ টাকা করে যোগ করে টোল দিতে হবে।

;